# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## সমাজবিজ্ঞান প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ১ | ৭ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

১. ► দীর্ঘ পাঁচ দশকের গৃহযুদ্ধের পর কলম্বিয়ায় শান্তি ও সংহতি প্রতিষ্ঠার লক্ষ্যে সম্পদ ভাগাভাগি নিয়ে রেভুলেশনারি আর্মড ফোর্সেস অব কলম্বিয়া (ফার্ক) ও সে দেশের সরকারের মধ্যে একটি চুক্তি সম্পাদিত হয়েছে। এ সংবাদ শুনে তানিশা মনে করে, সম্পদ ও সম্পত্তিই সামাজিক বিশৃঙ্খলা সৃষ্টি করে এবং সামাজিক পরিবর্তনের সূচনা করে।

ক. শিল্পকলা ও সাহিত্য কী হিসেবে বিবেচিত হয়? ১

খ. সামাজিক জ্ঞানবিজ্ঞান বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত চুক্তির মাধ্যমে কোন দুটি বিষয়ে জ্ঞানের পারস্পরিক সম্পর্কের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের উক্ত বিষয় দুটির মধ্যকার পার্থক্য উপস্থাপন করো। ৪

২. ► জেসমিনলেসা একজন প্রথিতযশা সমাজ গবেষক। সমাজের বিভিন্ন বিষয় নিয়ে তিনি অনেক গবেষণা করেছেন। এবার তিনি বাংলাদেশের সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে সুশাসনের অবস্থা কোন পর্যায়ে রয়েছে তা নিয়ে গবেষণা করতে মনস্থির করেন। তিনি এ বিষয়টি সম্পর্কে পূর্ণাঙ্গ ধারণা নেওয়া এবং এ বিষয়টির সাথে সাদৃশ্যপূর্ণ আর কোন কোন গবেষণাকর্মের সাদৃশ্য রয়েছে তা অধ্যয়ন করেন।

ক. ম্যাক্স ওয়েবার সমাজ গবেষণায় কোন পদ্ধতির গুরুত্বারোপ করেন? ১

খ. বৈজ্ঞানিক পদ্ধতির নীতিমালাগুলো উল্লেখ করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত জেসমিনলেসার গৃহীত পদক্ষেপগুলো ব্যাখ্যা করো। ৩

ঘ. জেসমিনলেসার গৃহীত পদক্ষেপের নীতিমালাসমূহ বিশ্লেষণ করো। ৪

৩. ► ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি সকাল ১০টায় ছাত্র ছাত্রীরা ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে সমবেত হয়। ছাত্র-ছাত্রীরা উত্তেজিত হয়ে 'রাষ্ট্রভাষা বাংলা চাই' '১৪৪ ধারা ভাঙতে হবে' ইত্যাদি স্লোগান দিতে থাকে। এক পর্যায়ে ১৪৪ ধারা ভঙ্গ করে ছাত্ররা রাস্তায় বের হলে ছাত্র ও পুলিশের মধ্যে ইট-

পাটিকেল বিনিময় হতে থাকে। বেলা ৩টার দিকে পরিস্থিতির অবনতি ঘটলে পুলিশ কয়েক রাউন্ড গুলি ছোড়ে এবং সে গুলিতে বরকত, রফিক, সালাম, জব্বার, শফিউর রহমানসহ আরো অনেকে শহীদ হন।

ক. "কিতাব আল ইবার" গ্রন্থটি কে রচনা করেন? ১

খ. অবয়বের সূত্র বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে ভাষা শহীদদের জীবন বিসর্জনকে তুমি ডুর্খেইম বর্ণিত কোন ধরনের আত্মহত্যার সাথে তুলনা করবে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত আত্মহত্যা ছাড়া ডুর্খেইম আর কোন কোন আত্মহত্যার উল্লেখ করেছেন? বিশ্লেষণ করো। ৪

৪. ▶ রোকন সোনাপুর গ্রামে বাস করে। এলাকার লোকদের সাথে রোকনের রয়েছে ভালোবাসা ও দায়িত্ব-কর্তব্যের সম্পর্ক। তাদের একটা নিজস্ব জীবন প্রণালী রয়েছে। সবাই একসাথে গ্রামের উন্নয়নে রাস্তাঘাট নির্মাণ ও পরিষ্কার পরিচ্ছন্নতার কার্যক্রম চালায়।

ক. 'Civilization' শব্দের অর্থ কী? ১

খ. লোকরীতি বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের গ্রামে সম্প্রদায়ের মৌলিক ভিত্তিগুলো বিদ্যমান— প্রমাণ করো। ৩

ঘ. উদ্দীপকের প্রত্যয়টির সাথে সমাজের পার্থক্য বিশ্লেষণ করো। ৪

৫. ▶ আগামী মাসে দীপার বিয়ে। হবু স্বামী কানাডা প্রবাসী ডাক্তার। দীপার বাবা-মা উক্ত বিবাহ ঠিক করেছেন। তবে দীপার বান্ধবী রেখা নিজের ইচ্ছাতেই বিয়ে করেছে। বর্তমানে সে স্বামীসহ আমেরিকায় বসবাস করছে।

ক. লুইস হেনরি মর্গানের *'Ancient Society'* কত সালে প্রকাশিত হয়? ১

খ. পরিবারের সামাজিক কাজ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কোন কোন ধরনের বিবাহের চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিবাহের ধরন ব্যতীত আমাদের দেশে আরও কোনো বিবাহের ধরনের প্রচলিত আছে কি? মতামত দাও। ৪

৬. ▶ ঘটনা-১ শ্রীলঙ্কা সমুদ্র তীরবর্তী হওয়ার জন্য শুঁটকিমাছ রপ্তানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা আয় করে।

ঘটনা-২ কৃষক গনি মিয়ার পূর্বপুরুষগণ লাঙল, বলদ দিয়ে জমি চাষ করলেও তিনি বর্তমানে ট্রাক্টর দিয়ে চাষ করেন এবং শ্যালোমেশিন দিয়ে জমিতে পানি সেচ দেন।

ক. Ancient Society গ্রন্থটি কার লেখা? ১

https://teachingbd24.com

খ. সমাজ কাঠামো বলতে কী বোঝায়? ২

গ. ঘটনা- ২ সমাজ জীবনে প্রভাব বিস্তারকারী কোন উপাদানকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের ঘটনা দুটো সমাজ জীবনে প্রভাব বিস্তারকারী উপাদান হলেও মানব সমাজে কোন উপাদানটির প্রভাব সবচেয়ে বেশি বলে তুমি মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭. ▶ রাশেদ ছোটবেলা থেকে বাবা মায়ের কথা শুনে চলে। সে বড়দের শ্রদ্ধা-সম্মান এবং ছোটদের স্নেহ করে। শিক্ষকদের আদেশ মেনে চলে। সময়ানুবর্তিতা, অধ্যবসায় এবং শৃঙ্খলিত জীবনের মূল্যবোধ অনুসরণ করে জীবনে এখন সে প্রতিষ্ঠিত ব্যক্তি। একজন সুনাগরিক হিসেবে সে সকলের শ্রদ্ধার পাত্র।

ক. উদাহরণসহ অবস্তুগত সংস্কৃতি কাকে বলে লেখ। ১

খ. টমাস হবসের মতে প্রকৃতির রাজ্য কেমন ছিল? ২

গ. উদ্দীপকে উল্লেখিত রাশেদ যে প্রক্রিয়ায় সমাজের সুনাগরিকে পরিণত হয়েছে তার বিবরণ দাও। ৩

ঘ. উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর যে, "সামাজিকীকরণ একটি আজীবন প্রক্রিয়া।" ৪

৮. ▶ গণি মিঞা একজন দরিদ্র কৃষক। নিজস্ব এক টুকরা জমি চাষ করে তার ভরণ পোষণ চলেনা। সন্তানদের লেখাপড়া করানো দূরে থাক পেট পুরে খাওয়াতেও পারেনা। এ বছর সে গ্রামের জমিদার চৌধুরী সাহেবের কাছ থেকে আরো কিছু জমি বর্গা নিয়ে চাষ করেছে। এতে তার অর্থনৈতিক অবস্থা একটু উন্নত হয়েছে। তবে তার দুই ভাই দিন মজুরী করে জীবিকা নির্বাহ করে।

ক. সামাজিক গতিশীলতা কয় প্রকার? ১

খ. সম্প্রদায় বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে তোমার পাঠ্যবই-এর কোন প্রত্যয়ের ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের উক্ত প্রত্যয়টি সমাজের মানুষে মানুষে ভেদাভেদের বাস্তব চিত্রের প্রতিচ্ছবি।"-বিশ্লেষণ করো। ৪

৯. ▶ মানুষ প্রথমে আত্মার ধারণায় উপনীত হয়েছে। তারপর সকল বস্তুতে আত্মার বা প্রাণের ধারণা আরোপ করেছে। এভাবেই মানুষ মহাশক্তিধর খোদা বা ঈশ্বরের ধারণায় উপনীত হয়েছে এবং ধর্মের উদ্ভব ঘটেছে। ব্যক্তিজীবনে ও সমাজজীবনে ধর্ম বিশেষ ভূমিকা পালন করে।

ক. কোনটি ছাড়া রাষ্ট্র আন্তর্জাতিক মর্যাদা পায় না? ১

খ. নৈতিকতা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে ধর্মের উৎপত্তিসংক্রান্ত কোন তত্ত্বটির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে কর ব্যক্তি ও সমাজজীবনে ধর্ম বিশেষ ভূমিকা পালন করে— তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

১০.▶ সম্প্রতি নববর্ষের বর্ষবরণ অনুষ্ঠানে অংশ নিতে কয়েকজন তরুণী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস অভিমুখে রওয়ানা হয়। পুরাতন বর্ষকে বিদায় ও নতুন বর্ষকে স্বাগত জানাতে লাখো মানুষের ঢল নামে রাস্তায়। কিন্তু ভিড়ের মধ্যে কিছু অসভ্য, বর্বর, নরপশুরূপ বখাটে তরুণীদের শ্লীলতাহানীর চেষ্টা করে।

ক. অপরাধ কী? ১

খ. অপরাধের শ্রেণিবিভাগ করো। ২

গ. বাংলাদেশের বর্তমান আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষিতে অপরাধের সাধারণ কয়েকটি কারণ চিহ্নিত করো। ৩

ঘ. শুধুমাত্র বাংলাদেশের প্রচলিত আইন দিয়েই কি নারী নির্যাতনের মত অপরাধ রোধ করা সম্ভব? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১.▶ ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীন রাষ্ট্র হিসেবে বাংলাদেশের অভ্যুদয় ঘটে। তবে ভৌগোলিক কারণে দেশটি বিভিন্ন ধরনের দুর্যোগের সম্মুখীন হয়। যেমন- ২০০৭ সালের ১৫ নভেম্বর অন্যতম প্রাকৃতিক দুর্যোগ 'সিডর' দেশটির দক্ষিণাঞ্চলে আঘাত হানে। ফলে জনগণের জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতি সাধিত হয়।

ক. সমাজের কারা অগ্রগতিশীল? ১

খ. সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে সমাজের বিশিষ্ট চিন্তাবিদদের ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে সামাজিক পরিবর্তনের কোন কোন ধরনের পরিচয় ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে তুমি কি শুধু উক্ত ধরনগুলোই দেখতে পাও? মতামত দাও। ৪

https://teachingbd24.com

# সমাজবিজ্ঞান প্রথম পত্র

বিষয় কোড: ১ ১ ৭

সময়- ৩০ মিনিট

বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. 'The Principles of Sociology' গ্রন্থের লেখক কে?
ক) গিডিংস খ) ওয়েবার
গ) [illegible] ঘ) স্পেন্সার

২. কার্ল মার্কসের তত্ত্ব কোনটি?
ক) বৈজ্ঞানিক সমাজতন্ত্র খ) দ্বান্দ্বিক বস্তুবাদ
গ) উদ্বৃত্ত মূল্যতত্ত্ব ঘ) সবগুলো

৩. আল-উমরানের কোন অধ্যায়টি '*The Prince*' নামক গ্রন্থের সাথে সাদৃশ্যপূর্ণ?
ক) প্রথম খ) দ্বিতীয়
গ) তৃতীয় ঘ) চতুর্থ

৪. তোমার সাথে সমাজের সম্পর্ক কীরূপ?
ক) আমি স্বতন্ত্র
খ) আমি সর্বেসর্বা
গ) আমি সমাজের ওপর নির্ভরশীল
ঘ) আমি সমাজ থেকে বিচ্ছিন্ন

৫. সমাজের মূলকথা হলো—
i. সামাজিক বন্ধন ii. পারস্পরিক নির্ভরশীলতা
iii. সামাজিক সংহতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. বিবাহের সর্বজনীন বৈশিষ্ট্যের ক্ষেত্রে বলা যায় এটি—
i. স্বামী-স্ত্রীর যৌন মিলনের সামাজিক স্বীকৃতি দেয়
ii. সন্তানের বৈধতা দেয়
iii. যৌথ পরিবারের বিলুপ্তি ঘটায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭. বর্ধিত পরিবারের সদস্যের অন্তর্ভুক্ত হলেন—
i স্বামী-স্ত্রী
ii সন্তান-সন্ততি iii নাতি-নাতনী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৮. সামাজিক প্রতিষ্ঠানসমূহের মধ্য দিয়ে প্রকাশ পায়—
i. সমাজের বৈচিত্র্য
ii. সরলতা iii. জটিলতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৯. সমতল অঞ্চলের তুলনায় কোন অঞ্চলে অপরাধ প্রবণতার হার বেশি লক্ষ করা যায়?
ক) পাহাড়ি অঞ্চলে খ) পার্বত্য অঞ্চলে
গ) চর অঞ্চলে ঘ) মরু অঞ্চলে

১০. সমাজজীবনের কোন উপাদানের ওপর মনবাড়ির বৈশিষ্ট্য নির্ভর করে?
ক) সাংস্কৃতিক উপাদান খ) সামাজিক উপাদান
গ) জৈবিক উপাদান ঘ) ভৌগোলিক

১১. ভৌগোলিক পরিবেশের বিচ্ছিন্নতাকে নির্দেশ করে—
i. সমভূমি
ii. নিচু ভূমি
iii. পাহাড়ি অঞ্চল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. সামাজিকীকরণে গ্রন্থাবলি ও পত্র-পত্রিকার গুরুত্ব হলো—
i. এর মাধ্যমে প্রচলিত ধ্যানধারণার সাথে পরিচিত হওয়া যায়
ii. সহপাঠীদের সাথে মিশতে সহায়তা করে
iii. সমাজের সাথে খাপ খাওয়াতে সহায়তা করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১৩-১৫ নং প্রশ্নের উত্তর দাও।
সুইটি একাদশ শ্রেণির ছাত্রী। কিন্তু তার আচরণ এখনও ছোট বাচ্চাদের মতো। তার আচার-আচরণে এখনও অনেক সমস্যা আছে।

১৩. সুইটির কী ঠিকমত হয়নি?
ক) বাবার স্নেহ খ) সামাজিকীকরণ
গ) পরিপূর্ণ শিক্ষা ঘ) সবার আদর

১৪. সুইটির এ ধরনের আচরণ কীসের অভাবে হয়েছে?
ক) পড়ালেখার অভাব
খ) সঙ্গীদলের অভাব
গ) রাজনৈতিক দলের অভাব
ঘ) কোনটিই নয়

১৫. সুইটির আচরণ সংশোধনের জন্য কার ভূমিকা বেশি হবে—
i. বাবা-মা
ii. বন্ধু-বান্ধব
iii. সহপাঠী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

Teachingbd24.com

https://teachingbd24.com

১৬. অপুর বয়স ৮ বছর। সে পড়ালেখা এবং খেলাধুলা দুটিতেই সমান পারদর্শী। প্রতিদিন বিকালে সে তার বন্ধুদের সাথে খেলাধুলা করে। তার বন্ধুরাও পড়ালেখায় ভালো। অপুর মধ্যে কোন লক্ষণ দেখা যায়?
ক বয়ঃসন্ধি ও বয়ঃপ্রাপ্তির লক্ষণ পরিস্ফুট হচ্ছে
খ নেতা ও আত্মনির্ভরশীল গুণের প্রকাশ ঘটছে
গ বাবা-মার অবাধ্য হচ্ছে
ঘ সামাজিক নিয়ম লঙ্ঘনকারী হচ্ছে

১৭. কোনটি সামাজিক উপাদানভিত্তিক অসমতা?
ক শ্রেণি অসমতা
খ বয়সভিত্তিক অসমতা
গ নরগোষ্ঠী ভিত্তিক অসমতা
ঘ কোনটিই নয়

১৮. 'দাস হচ্ছে এমন এক ব্যক্তি যাকে সমাজ এবং প্রথা অন্যের সম্পত্তি হিসেবে বিবেচনা করে'– এ সংজ্ঞাটি কে দিয়েছেন?
ক হবহাউস | খ অগবার্ন
গ সরোকিন | ঘ নিমকফ

১৯. প্রাক-ব্রিটিশ যুগের সর্বভারতীয় সমাজের স্তরবিন্যাসের পরিচয় বহন করে—
i. গৃহদাস ব্যবস্থা
ii. বিশেষ ধরনের ভূমিব্যবস্থা
iii. সামন্ত ব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii | খ i ও iii
গ ii ও iii | ঘ i, ii ও iii

২০. আধুনিক ভারতে জাতি বর্ণভেদে—
i. সভা-সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে
ii. সাময়িকী পত্রিকা প্রকাশিত হচ্ছে
iii. স্থানীয় নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii | খ i ও iii
গ ii ও iii | ঘ i, ii ও iii

২১. রাষ্ট্রের সর্বোচ্চ ও চূড়ান্ত উপাদান বা বৈশিষ্ট্য কোনটি?
ক জনসংখ্যা | খ নির্দিষ্ট ভূখণ্ড
গ সরকার | ঘ সার্বভৌম ক্ষমতা

২২. অবস্থানগত সম্পত্তিকে কী বলে?
ক পেশাবৃত্তিক সম্পত্তি | খ বুদ্ধিবৃত্তিক সম্পত্তি
গ মেধাবৃত্তিক সম্পত্তি | ঘ অবস্থানবৃত্তিক সম্পত্তি

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২৩-২৪ নং প্রশ্নের উত্তর দাও:

আবিদ জুরাইন বস্তিতে বসবাস করে। চুরি করে সে তার নেশার টাকা সংগ্রহ করে। এছাড়া সংঘবদ্ধ চক্রের সাথে মিলিত হয়ে মাঝেমধ্যে ডাকাতিও করে।

২৩. আবিদের কাজকে কী বলে অভিহিত করা যায়?
ক অপরাধ | খ অপরাধ প্রচেষ্টা
গ অনৈতিক আচরণ | ঘ বিশৃঙ্খলা আচরণ

২৪. আবিদের কার্যক্রম সমাজে—
i. বিশৃঙ্খলা সৃষ্টি করে ii. শান্তি বিনষ্ট করে
iii. সামাজিক সংহতি সৃষ্টি করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii | খ i ও iii
গ ii ও iii | ঘ i, ii ও iii

২৫. 'যুদ্ধ' কোন ধরনের পরিবর্তন?
ক পরিকল্পিত পরিবর্তন
খ গুণগত পরিবর্তন
গ অপরিকল্পিত পরিবর্তন
ঘ তাত্ত্বিক পরিবর্তন

২৬. মার্কসবাদীরা কীসের ভিত্তিতে সামাজিক পরিবর্তনকে ব্যাখ্যা করেছেন?
ক অর্থনীতির ভিত্তিতে | খ রাজনীতির ভিত্তিতে
গ সংস্কৃতির ভিত্তিতে | ঘ ধর্মীয় মূল্যবোধের ভি

২৭. Sociology শব্দটি কোন ভাষার শব্দ?
ক ফরাসি | খ জার্মানি
গ ইংরেজি | ঘ গ্রিক

২৮. কোন বিষয়টি সমাজবিজ্ঞানের উদ্ভবের সাথে জড়িত নয়?
ক প্রজ্ঞাবাদ | খ উত্তর-আধুনিকতা
গ ফরাসি বিপ্লব | ঘ পুনর্জাগরণ

২৯. পদ্ধতির ইংরেজি Method শব্দটি কোন শব্দ থেকে এসেছে?
ক গ্রিক শব্দ | খ জার্মান শব্দ
গ আরবি শব্দ | ঘ রোমান শব্দ

৩০. ইফতি একটি সামাজিক গবেষণা করতে চায়, তাকে যে পর্যায়গুলো অবশ্যই অতিক্রম করতে হবে তা হলো—
i. সমস্যা নির্বাচন
ii. তথ্য সংগ্রহ
iii. তথ্যের শ্রেণিবিন্যাস
নিচের কোনটি সঠিক?
ক i ও ii | খ i ও iii
গ ii ও iii | ঘ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | খ | ৩ | গ | ৪ | গ | ৫ | খ | ৬ | ক | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | খ |

https://teachingbd24.com